

শেখ হাসিনা  
২৫/০৬/২০২০  
দীপায়ন দাস শুভ  
উপজেলা নির্বাহী অফিসার  
কুচুরা, চাঁদপুর।

অতীব জরুরী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(প্রশাসন-১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০১৯-৩৬৮

তারিখঃ ০৪ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
১৮ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধে কর্মস্থলে অবস্থান।

লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ((সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) জনপ্রতিনিধিগণ (মেয়র/কাউন্সিলর/চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/ সদস্য) অনেকেই নিজ নির্বাচনী এলাকা/কর্মস্থলে অবস্থান করেন না। ফলে বিদেশ প্রত্যাগত নাগরিকদের হোম কোয়ারেন্টাইন বিষয়টি নিশ্চিত করা কষ্টসাধ্য হয়ে পড়ছে। এ বিষয়ে ইতোমধ্যে সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন করা হয়েছে এবং গঠিত কমিটিকে সার্বিক সহায়তা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বিদেশ প্রত্যাগত নাগরিকদের হোম কোয়ারেন্টাইনের বিষয়টি নিশ্চিত করাসহ করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে আবশ্যিকভাবে স্ব-স্ব নির্বাচনী এলাকা/কর্মস্থলে অবস্থান করতঃ স্বাস্থ্য বিভাগ এবং স্থানীয় প্রশাসনকে সার্বিক সহায়তা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২/২৫  
২/০৬/২০২০  
(মোঃ এরশাদুল হক)  
উপসচিব  
ফোন- ৯৫৭৫৫৭৩  
e-mail: [lgadmin1@lgd.gov.bd](mailto:lgadmin1@lgd.gov.bd)

বিতরণঃ

- ১। মেয়র, ..... সিটি কর্পোরেশন (কাউন্সিলরগণকে নিজ নিজ এলাকায় অবস্থান নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ২। চেয়ারম্যান, ..... জেলা পরিষদ (সদস্যগণকে নিজ নিজ এলাকায় অবস্থান নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৩। চেয়ারম্যান, ..... উপজেলা পরিষদ, ..... জেলা।
- ৪। মেয়র, ..... পৌরসভা (কাউন্সিলরগণকে নিজ নিজ এলাকায় অবস্থান নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৫। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, উপজেলা....., জেলা.....।

অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার (সকল)।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।